শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

ঈশ্বর তোমার সহায় হোক, ফরৌণ!

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Lyn Doerksen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2014 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

ফরৌণ ক্রুদ্ধ হয়েছিল! মোশির মাধ্যমে ঈশ্বর বললেন, “আমার প্রজাদের মিশর থেকে ছেড়ে দাও”। কিন্তু ফরৌণ অস্বীকার করল।

ফরৌণ, ক্রীতদাসদের
মনিবদের আদেশ দিল,
"আরও কঠিন কাজ দাও"।
এখন ইস্রায়েলীয়দের অবস্থা
আরও শোচনীয় হল।

ফরৌণের নতুন আদেশ ছিল, “তোমরা নিজেদের খড় জোগাড় কর, আমরা তোমাদের তা জোগাব না, কিন্তু একই পরিমাণ ইঁট তোমাদের বানাতে হবে”।



সময়মতো খড় না পাওয়াতে,
যথেষ্ট ইঁট না বানানোর জন্য,
তত্ত্বাবধায়করা ক্রীতদাসদের
চাবুক মারত।

লোকজন মোশি আর হারোণকে তাদের সমস্যার জন্য দোষ দিতে লাগল। মোশি প্রার্থনার জন্য একটি স্থান খুঁজে পেল। সে কাঁদল, “হে প্রভু, তুমি তোমার লোকদের বাঁচাওনি”।

ঈশ্বর উত্তর দিলেন, “আমি তোমার প্রভু ঈশ্বর। আমি তোমাকে বার করে আনব”।

আবার ঈশ্বর,
মোশি আর
হারোণকে ফরৌণের
কাছে পাঠালেন। তখন
পরাক্রমী শাসক,
ঈশ্বরের দাসকে জিজ্ঞাসা
করল যে, ঈশ্বর থেকে
কোনও চিহ্ন দেখাও।

হারোণের লাঠি লকলকে
সাপে পরিণত হল।

ফরৌণ গর্জন করে বলল, “আমার জাদুকরদের ডাক”। মিস্রীয় জাদুকররা তাদের লাঠি মাটিতে ফেলল, আর প্রত্যকটা লাঠি সাপে পরিণত হল। কিন্তু হারোণের লাঠি সেগুলোকে গিলে ফেলল। তবু ফরৌণ লোকদের ছেড়ে দিতে অস্বীকার করল।

পরদিন সকালে মোশি আর হারোণ নদীর পাশে ফরৌণের সাথে সাক্ষাৎ করল। হারোণ যখন তার লাঠি নদীতে রাখল, ঈশ্বর সেই নদীর জল রক্তে পরিণত করলেন। মাছ মারা গেল, লোকরা জল পান করতে পারল না।

কিন্তু ফরৌণ তার হৃদয় কঠিন করল। সে মিশর থেকে ইস্রায়েলীয়দের ছাড়বে না।

মোশি আবার ফরৌণকে বলল, ঈশ্বরের লোকদের মিশর থেকে যেতে দাও। ফরৌণ অস্বীকার করল। ঈশ্বর মহামারী পাঠালেন। সমস্ত মিশর ব্যাঙে ভরে গেল। প্রত্যেকটি বাড়ি, প্রত্যেকটি ঘর, এমনকি রান্নার চুলোতেও ব্যাঙে ভরে গেল।

ফরৌণ অনুরোধ করল, "আমার জন্য প্রার্থনা কর, যেন ঈশ্বর এই ব্যাঙগুলো সরিয়ে দেয়। আমি তোমার লোকদের যেতে দেব"। কিন্তু ব্যাঙ সরে যাওয়ার পর, ফরৌণ তার মত পাল্টালো। সে ক্রীতদাসদের ছাড়বে না।

তারপর ঈশ্বর লক্ষ লক্ষ পিশু পাঠালেন। প্রত্যেক ব্যক্তি ও পশু পিশুর কামড়ে ভরে গেল। কিন্তু ফরৌণ ঈশ্বরের কথায় ভ্রূক্ষেপ করল না।

পরে ঈশ্বর ঝাঁক ঝাঁক মাছি পাঠালেন। মিশরের লোকদের ও তাদের পশুদের মারার জন্য ভয়ঙ্কর রোগ পাঠালেন। ঈশ্বর স্ফোটক পাঠালেন, লোক ভয়ঙ্কর কষ্টের মধ্যে পড়ল। তবুও ফরৌণ ঈশ্বরের প্রতিরোধ করল।

স্ফোটকের পরে ঈশ্বর
পঙ্গপাল পাঠালেন।
পঙ্গপাল সেই দেশে
সমস্ত সবুজ গাছপালা
খেয়ে নিয়েছিল।

তারপর ঈশ্বর
তিনদিন সম্পূর্ণ
অন্ধকার পাঠালেন।
কিন্তু একগুঁয়ে
ফরৌণ
ইস্রায়েলীয়দের
ছাড়ল না।

ঈশ্বর সতর্ক করে বললেন, “আমি আর এক মহামারী পাঠাব, মধ্য রাতে সমস্ত মানুষ ও পশুর প্রথমজাত মরবে”। ঈশ্বর ইস্রায়েলীয়দের বললেন, “যদি তোমাদের দরজায় মেষশাবকের রক্তের ছাপ লাগাও, তাহলে তোমাদের প্রথমজাত সন্তান রক্ষা পাবে”।



মধ্য রাতে, মিশরে এক
বিরাট কান্নার শব্দ শোনা
গেল। মৃত্যু আঘাত করল।
অত্যন্ত প্রত্যকটা ঘরে
একজন করে
মারা গেল।

ফরৌণ অনুরোধ করল, "তোমরা তাড়াতাড়ি যাও, ঈশ্বরের সেবা কর"। ঈশ্বরের লোকেরা মিশরের সীমারেখার বাইরে বের হল।


ঈশ্বর মোশিকে বললেন, তোমরা
নিস্তারপর্বের রাত্রি স্মরণ কর, কারণ
ঈশ্বরের দূত ইস্রায়েলীয়দের ঘরের উপর দিয়ে গমন করেছেন
এবং তিনি ফরৌণ ও তার লোকদের আঘাত করেছিলেন।

৪৩০ বছর মিশরে থাকার পর এখন ঈশ্বরের লোকেরা মুক্ত। ঈশ্বর তাদের দিনের বেলায় মেঘের স্তম্ভ ও রাতের বেলায় আগুনের স্তম্ভ দিয়ে পরিচালনা করেছিলেন।

কিন্তু ইস্রায়েলীয়দের বিষয়ে ফরৌণ ভুলে যায়নি। আবার সে ঈশ্বরকে ভুলে গেল। আবার সে তার মন পরিবর্তন করল। সমস্ত সৈনদের একত্র করে, সে ক্রীতদাসদের পেছনে ধাওয়া করল। এক উঁচু পাহাড় ও সমুদ্রের মাঝখানে তাদের ধরার জন্য সে ফাঁদ পাতল।



মোশি বলল, “ঈশ্বর তোমাদের জন্য লড়বেন”। মোশি জলের ধারে এগিয়ে গেল ও তার হাত বাড়াল।

এক মহান অলৌকিক
কাজ হল। ঈশ্বর জলের
মধ্য দিয়ে রাস্তা করে
দিলেন। লোকরা
নিরাপদে
পার হল।

তখন ফরৌণের সৈন্যরা লোহিত সাগরের মধ্যে প্রবেশ করল। সৈন্যরা চিন্তা করল, “এখন আমরা ওদের ধরব”। কিন্তু ঈশ্বর সমুদ্রের জলকে এক করে দিলেন।

ঈশ্বর তোমার সহায় হোক, ফরৌণ!

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যাত্রাপুস্তক ৪-১৫

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুনঃ প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬